DHAKA PROBE

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) তৈরি: 12 Nov 2026, 02:36 PM

ক্যাম্পাস

পদোন্নতি-আপগ্রেডেশনের দাবিতে বেরোবির তৃতীয় শ্রেণির কর্মচারীদের অবস্থান কর্মসূচি

প্রতিবেদক: বেরোবি প্রতিনিধি

প্রকাশের তারিখ: বুধবার, ০৭ অক্টোবর ২০২৬, ০১:৫১ PM



দীর্ঘদিন ধরে পদোন্নতি ও আপগ্রেডেশন না পাওয়ার অভিযোগে অবস্থান কর্মসূচি শুরু করেছেন বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের (বেরোবি) তৃতীয় শ্রেণির কর্মচারীরা। দ্রুত পদোন্নতি ও আপগ্রেডেশন দেওয়ার দাবিতে এ কর্মসূচি পালন করছেন তারা।

আজ বুধবার সকালে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের দ্বিতীয় তলার দক্ষিণ পাশে দুই ঘণ্টা অবস্থান করেন কর্মচারীরা।

কর্মচারীরা জানান, দীর্ঘদিন ধরে তারা পদোন্নতি ও আপগ্রেডেশন থেকে বঞ্চিত। ফলে কম বেতনে চাকরি করে আর্থিক সংকটে দিন কাটাতে হচ্ছে তাদের।

তৃতীয় শ্রেণির কর্মচারী অ্যাসোসিয়েশনের আহ্বায়ক ও ভূগোল ও পরিবেশ বিজ্ঞান বিভাগের সেমিনার সহকারী মো. মাহফুজার রহমান বলেন,

প্রাথমিকভাবে প্রতিদিন দুই ঘণ্টা করে প্রশাসনিক ভবনের দ্বিতীয় তলার দক্ষিণ পাশে অবস্থান কর্মসূচি পালন করবেন তারা। প্রশাসন দাবি না মানলে কর্মসূচির সময় বাড়ানো হবে। প্রয়োজনে আমরণ অনশনের মতো কর্মসূচিও দেওয়া হতে পারে।

মাহফুজার রহমান বলেন, "আমাদের পিঠ দেয়ালে ঠেকে গেছে।"

গণিত বিভাগের সেমিনার সহকারী মোছা. কাকলী বেগম বলেন, তারা খুব অল্প বেতন পান। এই টাকা দিয়ে পরিবার চালানো কঠিন। এ কারণে অধিকাংশ কর্মচারী ঋণে জর্জরিত।

কাকলী বেগম বলেন, ঋণের বোঝা মাথায় নিয়ে ইতিমধ্যে তাঁদের অনেক কর্মচারী ভাই-বোন মারা গেছেন।

দুর্যোগ বিজ্ঞান ও ব্যবস্থাপনা বিভাগের সেমিনার সহকারী মো. মনোয়ার হোসেন বলেন, তৃতীয় শ্রেণির কর্মচারীরাই বিশ্ববিদ্যালয়ের সবচেয়ে কম বেতনভোগী। সময়মতো আপগ্রেডেশন ও পদোন্নতি হলে তারা আর্থিকভাবে কিছুটা উপকৃত হতেন। কিন্তু গত ১০ বছর ধরে তারা কোনো আপগ্রেডেশন পাচ্ছেন না। এতে তারা আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছেন।

মনোয়ার হোসেন বলেন, "উপাচার্যের কাছে আমাদের আকুল আবেদন, যৌক্তিক দাবিগুলো মেনে নিয়ে দ্রুত আপগ্রেডেশন ও পদোন্নতির ব্যবস্থা করা হোক।"

কর্মচারীরা জানান, দ্রুত দাবি বাস্তবায়ন না হলে ধাপে ধাপে আরও কঠোর কর্মসূচি ঘোষণা করা হবে।

এ বিভাগের আরও খবর




জবি সাংবাদিক সমিতির নতুন সভাপতি শাহাদাত ও সম্পাদক রাকিব

জগন্নাথ বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতির (জবিসাস) ২০২৬-২৭ বর্ষের নতুন কার্যনির্বাহী কমিটি গঠন করা হয়েছে। এতে সভাপতি নির্বাচিত হয়েছেন প্রথম আলোর...



সাত মাসে তিন দফা রদবদল, জবির নতুন প্রক্টর অধ্যাপক নাছির আহমাদ

এ বছরের গত ৩০ মার্চ থেকে ২৮ অক্টোবর পর্যন্ত সাত মাসের ব্যবধানে তিন দফা রদবদল হয়েছে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) প্রক্টর পদে। যার মধ্যে একজন...



জবির সমাজবিজ্ঞান বিভাগের ১৭তম ব্যাচের স্নাতক সমাপনী অনুষ্ঠিত

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) সমাজবিজ্ঞান বিভাগের ১৭তম ব্যাচের স্নাতক সমাপনী উপলক্ষে আলোচনা ও ক্রেস্ট প্রদান অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলব...



বেগম খালেদা জিয়া হল, এক দশকেও অসমাপ্ত নির্মাণকাজ

নাম বদলে ‘শেখ হাসিনা হল’ থেকে ‘বেগম খালেদা জিয়া হল’ করা হয়েছে রংপুরের বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের (বেরোবি) নির্মাণাধীন ১০ তলাবিশিষ্ট ছাত্রী...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন:

https://www.dhakaprobe.com/campus/pdonnti-apgredeshner-dabite-berobir-tritiy-shrenir-krmcharider-obsthan-krmsuchi